# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ
প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

স্মারক নং- মাপৌ/ প্রশাঃসাধাঃ-২০২৪-৩৩৯ তারিখ ঃ ০৬/০৩/২০২৪ খ্রি.

## মানিকগঞ্জ পৌরসভার সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী।

০১ সভার সভাপতি ঃ জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা ও সভাপতি, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি।

০২ সভার নাম ঃ সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটির সভা।

০৩ সভার তারিখ ঃ ০৬/০৩/২০২৪ইং।

০৪ সভার বার ঃ বুধবার।

০৫ সভার সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

০৬ সভার স্থান ঃ মানিকগঞ্জ পৌরসভার সভাকক্ষ।

**সভার উপস্থিতি (পরিশিষ্ট-ক)**

সভার প্রারম্ভে সভার সভাপতি উপস্থিত মাননীয় মেয়র মহোদয় সহ সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সভার শুরুতে সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটির সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম, প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সভার আলোচ্য সূচি উপস্থাপনের অনুরোধ জানান।

(১) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ ঃ সভাপতির নির্দেশনা মোতাবেক কমিটির সহায়ক কর্মকর্তা গত ১৬/১১/২০২৩ইং তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকলের উদ্দেশ্যে পাঠ করিয়া শুনান। উক্ত সভার কার্যবিবরণী শ্রবণান্তে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে বিগত সভার কার্যবিবরণীর উপর কোন প্রকার সংশোধন পরিবর্তন পরিমার্জন না থাকায় উল্লেখিত সভার কার্য বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সুপারিশ করা হলো।

আলোচ্য সূচি ঃ (২) মানিকগঞ্জ পৌরসভার চুক্তিভিত্তিক কর্মচারীদের মাসিক বেতন বিষয়ে আলোচনা।

আলোচনা ঃ অত্র কমিটির সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম সভাকে অবহিত করেন যে, মানিকগঞ্জ পৌরসভার চুক্তিভিত্তিক কর্মচারীগণ তাদের মাসিক বেতন বৃদ্ধির জন্য একটি আবেদন দাখিল করেছেন। আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর, মানিকগঞ্জ পৌরসভা ও অত্র কমিটির সদস্য - চুক্তিভিত্তিক কর্মচারীদের বেতন বৃদ্ধির বিষয়ে বলেন গত ২৭/০২/২০২৩ খ্রি. তারিখে সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি সভায় চুক্তিভিত্তিক কর্মীদের বেতন বৃদ্ধির সুপারিশক্রমে গত ৫জুলাই ২০২৩ খ্রি. তারিখে ৩১তম পৌর পরিষদের সাধারণ সভায় মানিকগঞ্জ পৌরসভার চুক্তি ভিত্তিক কর্মচারীদের বেতন বৈষম্য ও বেতন বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়েছিল এবং সুপারিশকৃত দাখিলীয় প্রতিবেদন হিসাবান্তে সঠিকতা যাচাই পূর্বক ইতোমধ্যে ১লা জুলাই ২০২৩ হতে বেতন বৈষম্য ও বেতন বৃদ্ধির বিষয়টি কিছুটা হলেও কার্যকর করা হয়েছে। কিন্তু বর্তমান বাজার মূল্য উর্ধ্বগতি এ প্রেক্ষিতে চুক্তিভিত্তিক কর্মচারীদের সংসার চালনানো অত্যন্ত কষ্টকর। এ বিষয়ে তিনি সরকারি সার্কুলার/নীতিমালা/প্রজ্ঞাপন (যদি থাকে) সহায়ক কর্মকর্তাকে উপস্থাপনের জন্য বলেন। নির্দেশিত হয়ে প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভা অর্থ মন্ত্রণালয়ের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫ (অংশ-১)-৯৩ তারিখ ঃ ১২/১০/২০২০ নং স্মারকের পরিপত্র সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পরিপত্র মোতাবেক তিনি বলেন জেলা উপজেলার মধ্যে যে কোন প্রতিষ্ঠানে দক্ষ ও অদক্ষ শ্রমিকদের প্রতি কর্ম দিবসে ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা ও ৫০০/- (পাঁচশত) টাকা নির্ধারণ করা আছে। তা ছাড়া চুক্তিভিত্তিক কর্মচারীদের বেতন বৃদ্ধির বিষয়ে সুস্পষ্ট কোন নীতিমালা নেই। মানবিক কারনে পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক ইতিপূর্বে বেতন নির্ধারণ করা হয়েছে। সুইপার, সুইপার সুপারভাইজার, কেয়ারটেকার, মৌলভী, পুরোহিত ও ডোম এই ৬টি পদে চুক্তিভিত্তিক নিয়োগের নির্দেশনা হয়েছে। অন্যান্য পদে আউট সোর্সিং পদ্ধতিতে স্থানীয় প্রয়োজনে চুক্তিভিত্তিক নিয়োগ নিয়োগ প্রদান করা হয়েছে। বর্তমান অবস্থায় মানবিক কারনে দ্রব্য মূল্যের উর্দ্ধগতি বিবেচনা করে চুক্তিভিত্তিক কর্মচারীদের বেতন বৃদ্ধি করা অতীব প্রয়োজন। চুক্তিভিত্তিক কর্মচারীদের দাখিলকৃত বেতন বৃদ্ধির আবেদন পত্রটির বিষয়ে উপস্থিত সকলে বিস্তারিত আলোচনা করা হয়।

সুপারিশ সমূহ ঃ

০১। বিস্তারিত আলোচনান্তে আউট সোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত চুক্তিভিত্তিক কর্মীদের অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী দক্ষ শ্রমিকদের দৈনিক ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা ও অদক্ষ শ্রমিকদের দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা মুজুরী নির্ধারণের সুপারিশ করা হলো।

০২। সদ্য যোগদানকৃত অর্থাৎ ০ হতে ০৫ (পাঁচ) বছর চাকুরীর পর তাদেরকে দক্ষ শ্রমিক হিসেবে গণ্য করার সুপারিশ করা হলো।

<u>আলোচ্য সূচি ঃ ০৩ ঃ কঞ্জারভেন্সী শাখায় একটি কম্পিউটার ক্রয় বিষয়ে আলোচনা।</u>

<u>আলোচনা ঃ</u> সভার সহায়ক কর্মকর্তা মোহাম্মদ আমিরুল ইসলাম সভাকে জানান যে, কঞ্জারভেন্সী ইসপেক্টর জনাব রাজীব কান্ত গোস্বামী কঞ্জারভেন্সী শাখার জন্য ০১ টি কম্পিউটার পাওয়ার আবেদন দাখিল করেছেন। আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। আবেদন পত্রে উল্লেখ করেছেন বর্তমানে কঞ্জারভেন্সী শাখায় বিভিন্ন তথ্য উপাত্ত ডকুমেনটারী হিসেবে রাখার জন্য জরুরী ভিত্তিতে ০১ টি কম্পিউটার ক্রয় করা প্রয়োজন। কম্পিউটার না থাকাতে কঞ্জারভেন্সী শাখায় বিভিন্ন কার্যক্রম পরিচালনার সমস্যা সৃষ্টি হইতেছে। তাই কম্পিউটার ক্রয়ের দাখিলকৃত আবেদন পত্রটির বিষয়ে উপস্থিত সকলে বিস্তারিত আলোচনা করেন।

<u>সুপারিশ ঃ</u> বিস্তারিত আলোচনান্তে কঞ্জারভেন্সী শাখায় ব্যবহারের জন্য একটি কম্পিউটার পিপিআর-২০০৮ অনুসরণ পূর্বক সম্মতিক্রমে ক্রয়ের অনুমোদনের সুপারিশ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।

(আবুল কালম আজাদ)
কাউন্সিলর
০১নং সাধারণ ওয়ার্ড
ও
সভাপতি
সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।
তারিখ ঃ ০৬/০৩/২০২৪ খ্রি.

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-২০২৪/ ৩৩৯
অনুলিপি অবগতি জন্য প্রেরণ করা হলো ঃ-
০১। মেয়র,মানিকগঞ্জ পৌরসভা
০২। জনাব.......................................কাউন্সিলর ও সদস্য সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা
০৩। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
০৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
০৫। জনাব ....................................................... সদস্য সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি, মানিকগঞ্জ পৌরসভা

কাউন্সিলর
০১নং সাধারণ ওয়ার্ড
ও
সভাপতি
সংস্থাপন ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটি
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।